

পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কালাই, জয়পুরহাট।
সভার তারিখ	: ১৪/০২/২০২৪ খ্রিঃ।
সময়	: সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	: উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, কালাই, জয়পুরহাট।
সভায় উপস্থিতি	: “পরিশিষ্ট-ক” সদয় দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নিম্নবর্ণিত আলোচ্যসূচি উপস্থাপন করেন।

আলোচনাঃ ০১

সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালাই, জয়পুরহাট জানান যে, উপজেলা পরিষদের সকল এলাকা সিসি ক্যামেরায় আওতায় নেওয়া হয়েছে। বিআরডিবি অফিস এবং সাব রেজিস্টার অফিসের সামনের এলাকায় কোন সিসি ক্যামেরা দেওয়া হয়নি। যে কোন সময় বড় কোন দুর্ঘটনা হতে পারে। বিষয়টি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়। উহা উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করার জন্য অনুমোদন করা হয়। উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ ০১

সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালাই, জয়পুরহাট উপরিউক্ত বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য বলা হয় এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোছাঃ সাবানা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, কালাই, জয়পুরহাট।